অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/9/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক জুড়ে শিশু এবং পরিবারদের সমর্থন করার জন্য নতুন উদ্যোগগুলি উন্মোচন করেছেন

স্টেট অফ দ্য স্টেট প্রস্তাবনাটি নিউ ইয়র্কের শিশুদের জন্য উচ্চ মানের স্বাস্থ্যসেবার অ্যাক্সেসকে প্রসারিত করবে; রাজ্য ছয় বছর বয়স পর্যন্ত শিশুদের জন্য ক্রমাগত Medicaid-এর যোগ্যতা প্রদানের জন্য ফেডারেল মওকুফের অনুরোধ করে

শিশু পরিচর্যা প্রদানকারীদের জন্য অনুদানের কর্মসূচিটি প্রসারিত করে, উচ্চ মানের পরিষেবাকে উৎসাহিত করে এবং পারিবারিক শিশু পরিচর্যার নেটওয়ার্কের সম্প্রসারণকে সমর্থন করে

গ্রীষ্মকালীন খাবারের কর্মসূচি প্রসারিত করে এবং অভাবী পরিবারগুলিকে সহায়তা প্রদান করার জন্য স্থানীয় সমাজ পরিষেবাগুলির বিভাগে বিনিয়োগ করে

বাফেলো, রচেস্টার এবং সিরাকিউসকে লক্ষ্য করে দারিদ্র বিরোধী প্রচেষ্টাগুলিকে সমর্থন করার জন্য 50 মিলিয়ন ডলারের বিনিয়োগ

গভর্নর ক্যাথি হোকল তার 2024 সালের স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে নিউ ইয়র্কে শিশু ও পরিবারদের সমর্থন করার জন্য নতুন উদ্যোগগুলি উন্মোচন করেছেন। গভর্নরের প্রস্তাবটি নিউ ইয়র্কের শিশুদের জন্য উচ্চ মানের স্বাস্থ্যসেবার অ্যাক্সেসকে প্রসারিত করবে এবং নিশ্চিত করবে যে কোনও অভাবী শিশু গুরুতর স্বাস্থ্যসেবার পরিষেবাগুলি থেকে যেন বঞ্চিত না হয়। গভর্নর হোকল শিশু পরিচর্যার প্রদানকারীদের জন্য একটি অনুদানের কর্মসূচি প্রসারিত করে, শিশু পরিচর্যার কেন্দ্রগুলিতে উচ্চ মানের পরিষেবাগুলিকে উৎসাহিত করে এবং পারিবারিক শিশু পরিচর্যার নেটওয়ার্কগুলির সম্প্রসারণকে সমর্থন করার মাধ্যমে শিশু পরিচর্যার অ্যাক্সেস বাড়ানোর জন্য তার অব্যাহত প্রতিশ্রুতি গড়ে তুলছেন। গভর্নর হোকল অনেক দিন ধরে পিছিয়ে থাকা আপস্টেট সম্প্রদায়গুলিকে উন্নীত করার জন্য একটি 50 মিলিয়ন ডলারের দারিদ্র্য-বিরোধী প্রচেষ্টাও চালু করবেন।

"নিউ ইয়র্কের প্রথম মা গভর্নর হিসেবে, আমি নিজে নিজেই জানি যে একটি পরিবার গড়ে তোলা কতটা চ্যালেঞ্জিং হতে পারে," **গভর্নর হোকল বলেছেন।** "নিউ ইয়র্ক জুড়ে মা, বাবা এবং পরিবারদেরর কাছ থেকে আমি যে উদ্বেগের কথাগুলি শুনেছি তার প্রতিক্রিয়া হিসাবে, পরিবারগুলি প্রায়শই যে আর্থিক বোঝার সম্মুখীন হয় তা কমানোর জন্য আমরা বড়

পদক্ষেপগুলি নিচ্ছি আমাদের সন্তানদের কাছে তাদের প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ পরিচর্যার অ্যাক্সেস থাকা নিশ্চিত করার সাথে এবং রাজ্য জুড়ে পরিবারগুলির জন্য শিশু পরিচর্যা এবং অন্যান্য অত্যাবশ্যক সংস্থানের অ্যাক্সেস বৃদ্ধি করার সময়।"

শিশু এবং পরিবারদের জন্য স্বাস্থ্যসেবার অ্যাক্সেস সম্প্রসারণ করা

গভর্নর হোকল নিউ ইয়র্কের শিশুদের জন্য উচ্চ মানের পরিচর্যায় অ্যাক্সেস প্রসারিত করার জন্য বেশ কয়েকটি পদক্ষেপের প্রস্তাব করছেন। গভর্নরের উদ্যোগগুলির মধ্যে রয়েছে:

- স্বাস্থ্য বীমার কভারেজে ত্রুটির কারণে কোনো অভাবী শিশু যাতে গুরুত্বপূর্ণ স্বাস্থ্যসেবার পরিষেবাগুলি থেকে বঞ্চিত না হয় তা নিশ্চিত করতে 6 বছর পর্যন্ত বয়সী যেকোনো যোগ্য শিশুর জন্য অবিচ্ছিন্ন Medicaid এবং শিশুদের স্বাস্থ্য বীমার প্রোগ্রামের কভারেজ প্রদানের জন্য ফেডারেল সরকারের কাছে একটি অনুরোধ জমা দেওয়া।
- শিশুদের জন্য প্রাথমিক পরিচর্যার অ্যাক্সেস প্রসারিত করার জন্য নিউ ইয়র্কের রোগী-কেন্দ্রিক মেডিকেল হোম মডেলের মাধ্যমে শিশুদের সেবা প্রদানকারীদের জন্য প্রতিদানের হার বৃদ্ধি করা।
- স্কুল-ভিত্তিক স্বাস্থ্য কেন্দ্রগুলির জন্য তহবিল বৃদ্ধি করা এবং প্রতিবন্ধী শিশু এবং বাচ্চাদের জন্য রাজ্যের প্রারম্ভিক হস্তক্ষেপের কর্মসূচিতে অংশগ্রহণকারী প্রদানকারীদের জন্য অতিরিক্ত সহায়তা প্রদান করা।
- শিশু এবং পারিবারিক চিকিৎসা এবং সহায়তার পরিষেবাগুলির জন্য একটি নতুন এবং সুগমিত পদবীর প্রক্রিয়া তৈরি করা যাতে আরও প্রদানকারীদের জন্য শিশুদের জন্য এই গুরুত্বপূর্ণ মানসিক স্বাস্থ্যের পরিষেবাগুলি প্রদান করা সহজ হয়।
- সম্প্রদায়-ভিত্তিক সংস্থাগুলিকে অনুদানের তহবিল প্রদান করা যা বিশেষ চাহিদাযুক্ত শিশুদের জীবনযাত্রার মানকে উন্নত করতে বিনিয়োগ করছে।
- নিউ ইয়র্ক স্টেটের শিশুদের হাঁপানি সম্পর্কিত উদ্যোগের প্রচেষ্টাগুলিকে প্রসারিত করা স্বাস্থ্যসেবার কর্মী বাহিনীকে একাধিক সেটিংস জুড়ে বহু-বিষয়ক পরিচর্যা প্রদানের জন্য প্রশিক্ষিত করার জন্য এবং শিশুদের হাঁপানি নিয়ন্ত্রণে আরও ভালভাবে সহায়তা করার জন্য।
- অপ্রাপ্তবয়স্কদের গর্ভনিরোধক পরিষেবাগুলি পাওয়ার এবং গোপনীয়ভাবে প্রজনন স্বাস্থ্য সেবার পরিষেবাগুলি পাওয়ার অধিকার নিশ্চিত করার জন্য প্রজনন স্বাস্থ্যের আইনটি সংশোধন করা।

শিশু পরিচর্যার সম্প্রসারণ ও উন্নতি করা

গভর্নর হোকল নিম্নলিখিতগুলি দ্বারা শিশু ও পরিবারদের সহায়তা করার জন্য শিশু পরিচর্যার অ্যাক্সেস বাড়ানোর জন্য তার অব্যাহত প্রতিশ্রুতির উপর ভিত্তি করে তৈরি করছেন:

- শিশু পরিচর্যার কর্মসূচিতে অনুদান প্রদান করা চালিয়ে যেতে এবং তাদের কর্মীবাহিনীকে সমর্থন করার জন্য অব্যবহৃত ফেডারেল মহামারীর তহবিলগুলির বিনিয়োগ করা।

- পারিবারিক শিশু পরিচর্যার প্রোগ্রামগুলির জন্য ব্যবসা এবং অপারেশনাল সহায়তা সম্প্রসারণের জন্য পরিবার এবং গ্রুপ পারিবারিক শিশু পরিচর্যার প্রদানকারীদের সমর্থন ও ক্ষমতা বাড়ানোর উপর মনোনিবেশ করা সহ রাজ্যের আশেপাশের অঞ্চলে ফ্যামিলি চাইল্ড কেয়ার নেটওয়ার্কগুলিতে (FCCNs) কর্মী সরবরাহ করা, যাদের মধ্যে অধিকাংশই নারীদের দ্বারা কর্মরত।
- উচ্চ মানের প্রদানকারীদের জন্য ডিফারেনশিয়াল অর্থ প্রদানের হার বাড়ানোর জন্য একটি উদ্যোগের প্রস্তাব করা যা একটি জাতীয়ভাবে স্বীকৃত শিশু পরিচর্যার সংস্থা দ্বারা স্বীকৃত, যা নিউ ইয়র্কের গুণমান রেটিং ও উন্নতির ব্যবস্থায় অংশগ্রহণ করে, অথবা প্রশিক্ষণ সম্পন্ন করেছে এবং OCFS নন-পেশেন্ট এপিনেফ্রাইন অটো-ইনজেক্টর উদ্যোগে সক্রিয় অংশগ্রহণকারী।
- প্রদানকারীদের সমর্থন এবং প্রোগ্রামের পরিবেশকে উন্নত করার জন্য একটি প্রতিরোধমূলক পদ্ধতি ব্যবহার করে শিশু পরিচর্যার প্রদানকারীদের সাহায্য করার জন্য রাজ্যব্যাপী বাচ্চার মানসিক স্বাস্থ্যের পরামর্শদাতাদের পরিমাণ দ্বিগুণ করা।

নিউ ইয়র্কের পরিবারগুলোর সহায়তা করা

গভর্নরের নির্দেশে, নিউ ইয়র্ক স্টেট মার্কিন যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগের শিশুদের জন্য গ্রীষ্মকালীন ইলেকট্রনিক সুবিধা স্থানান্তরের কর্মসূচি(EBT)-কে বেছে নিয়েছে, যার ফলে নিউ ইয়র্কের আনুমানিক 2 মিলিয়ন শিশুদের জন্য ফেডারেল সুবিধায় 200 মিলিয়ন ডলারের বেশি প্রদান করা হবে। বিনামূল্যে বা কম মূল্যের স্কুলের খাদ্যের জন্য যোগ্য শিশু সহ অনেক পরিবাদের জন্য গ্রীষ্মের মাসগুলি উচ্চ মুদির চাহিদা এবং খরচের অতিরিক্ত চাপ আনতে পারে। রাজ্যের গ্রীষ্মকালীন খাদ্যের কর্মসূচি সম্প্রসারণ করা নিউ ইয়র্কের পরিবারগুলির মধ্যে ক্ষুধা ও খাদ্য সংক্রান্ত নিরাপত্তাহীনতাকে কমাতে সাহায্য করবে৷

উপরন্তু, নিউ ইয়র্ক স্থানীয় সামাজিক পরিষেবার বিভাগগুলিকে তহবিল সরবরাহ করবে যাতে পরিবারগুলিকে বিশেষ পরিব্যাপ্ত পরিষেবা এবং কেস ম্যানেজমেন্টের পাশাপাশি গভীরে ক্লিনিকাল মূল্যায়ন, সংকটের হস্তক্ষেপ এবং মানসিক স্বাস্থ্যের প্রদানকারীদের কাছে রেফারেল বা অন্যান্য উপযুক্ত পরিষেবা বা চিকিৎসা, প্রয়োজন অনুযায়ী প্রদানের জন্য কর্মীদের নিয়োগে সহায়তা করা যায়।সামাজিক পরিষেবাগুলির স্থানীয় বিভাগগুলি নিউ ইয়র্কের পরিবারগুলিকে জনসাধারণের সুবিধার সাথে সংযুক্ত করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং এটি পরিবারগুলিকে আরও বেশি সহায়তা প্রদান করবে এবং তারা যে বড় চ্যালেঞ্জের মুখোমুখি হতে পারেন তার মোকাবেলায় সহায়তা করবে৷

অপসটেটে দারিদ্র্য-বিরোধী প্রচেষ্টাগুলিকে জোরদার করা

গভর্নর হোকল বাফেলো, রচেস্টার এবং সিরাকিউসে লক্ষ্য করে নির্বাচিত দারিদ্র্য-বিরোধী উদ্যোগগুলিকে সমর্থন করার জন্য 50 মিলিয়ন ডলারের বিনিয়োগ করবেন। সর্বোচ্চ শিশু দারিদ্রতার হার সহ শীর্ষ দশটি নিউ ইয়র্ক স্টেটের জিপ কোডের নয়টি হল আপস্টেট। এই জিপ কোডগুলির অর্ধেকেরও বেশি শিশু ফেডারেল দারিদ্র্যতার সীমার নীচে বসবাসকারী পরিবারগুলির মধ্যে রয়েছে এবং এই শহরগুলি দেশব্যাপী সর্বোচ্চ শিশু সংক্রান্ত দারিদ্রতার হারের মধ্যে রয়েছে৷ এই নতুন উদ্যোগটি শিশু এবং পরিবারগুলির তাৎক্ষণিক প্রয়োজনগুলি সমাধান করার জন্য স্থানীয়ভাবে চালিত প্রচেষ্টাগুলিকে সমর্থন করবে

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418